

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
১৩, নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরদি
মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা ।

অফিস আদেশ

নং- ০৩.০৯.০০০০.৬৬০.৬৭.০০১.১৪- ৭৪

তারিখ : ৩০ মার্চ /২০১৭ খ্রিঃ

মূল্য সংযোজন কর (ভ্যাট) আইন, ১৯৯১ এর ধারা ৩ ও ৬ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮(ঙ) অনুসারে গত ৩০ জুন ২০১০ এর জাতীয় রাজস্ব বোর্ড এর এস. আর. ও নং-২৪৪-আইন/২০১০/৫৬৪ মূসক এবং ভ্যাট কমিশনারেট, ঢাকা দক্ষিণ এর স্মারক নং- ৪(৬)-৭৮/ঢাঃ দঃ কমিঃ/মূসক/বাস্তঃ উৎসে কর্তন ২০১০/৭৭১, তারিখঃ ২৪/০৯/২০১৬ খ্রিঃ মোতাবেক এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা (এনজিও) এর নিবন্ধন, নিবন্ধন নবায়ন, গঠনতন্ত্র পরিবর্তন, ডুপ্লিকেট সনদ এবং স্বেচ্ছাসেবী সংস্থার নাম পরিবর্তন বাবদ ধার্যকৃত ফি-এর উপর ১৫% মূল্য সংযোজন কর (VAT) চালান (কোড নং-১-১১৩৩-০০০০-০৩১১) এ জমা প্রদান পূর্বক চালানের কপি আবেদনের সাথে দাখিলের জন্য অনুরোধ করা হলো । উল্লেখ্য, ফি জমার কোড অপরিবর্তিত থাকবে ।

০২। এ আদেশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে ।



(মোঃ শাহ আলম)

উপ-পরিচালক (সাঃ) (উপ-সচিব)

ফোনঃ ৯৫৬২৮৪১

বিতরণঃ

০১। সদস্য (শুল্ক ও ভ্যাট), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা ।

০২। নির্বাহী পরিচালক (সকল বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা) ।

০৩। পিএ টু, মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

০৪। অফিস কপি ।